দৈনিক ইনকিলাব
দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP 19...
পৃষ্ঠা...

030

## গফরগাঁও-এর শিক্ষার অবস্থা

SEP 1986

ময়মনসিংহ জেলার একটি সুপরিচিত উপজেলার নাম গফরগাঁও। এ উপজেলার শিক্ষাহার ২৯%। উপজেলার প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে ১টি সরকারী মহাবিদ্যালয়, ২টি বেসরকারী মহাবিদ্যালয়, ১৫৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ১৮টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ২৩টি বেসরকারী বালক উচ্চ বিদ্যালয়, ১টি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, ১০টি বেসরকারী বালিকা উচ্চ বিাদ্যালয়, ১টি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, ১০টি বেসরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ১টি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ১৫টি জুনিয়র বালক বিদ্যালয়, ২০টি জুনিয়র বালিকা বিদ্যালয়, ৯টি সিনিয়র মাদ্রাসা, ৩টি জুনিয়র বালক মাদ্রাসা, ১টি জুনিয়র বালিকা মাদ্রাসা, ৩৮টি ফোরকানীয়া মাদ্রাসা, ১৮৬টি এবতেদায়ী মাদ্রাসা ও বেশ কয়েকটি এতিমখানা মাদ্রাসা এবং খারেজী মাদ্রাসা। উপজেলার বর্তমান কলেজ উচ্চ মাধ্যমিক পর্যায়ে। তাতে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগ চালু আছে।

স্নাতক পর্যায়ে বি, এ, ও বি, কম, পড়ার সুযোগ আছে কিন্তু বিজ্ঞানাগারের সীমাবদ্ধতা ও আর্থিক সংকট। বেসরকারী মহাবিদ্যালয়ে অধ্যাপকের অভাবে বি, এস, সি, ক্লাস চালু করা হয়নি। গফরগাঁও-এ ১টি মহিলা কলেজ করা হয়েছিল। কিন্তু এই মহিলা কলেজের আজ পর্যন্ত কোন কাজ হয়নি। কাজেই এই মহিলা কলেজের কাজ হওয়ার খুবই প্রয়োজন। উপজেলার অধিকাংশ মাধ্যমিক বিদ্যালয় আর্থিক সমস্যায় জর্জরিত। সংস্কারের অভাবে কিছু বিদ্যালয়ের অবস্থা প্রাথমিক বিদ্যালয়ের সমস্যার মত। গফরগাঁও উপজেলার সবচেয়ে অবহেলিত ও জরাজীর্ণ অবস্থা রয়েছে মাদ্রাসা শিক্ষায়। গফরগাঁও উপজেলায় কোন কামিল মাদ্রাসা নেই, যার ফলে এলাকার কামিল শিক্ষার্থীদের দূর-দূরান্তে যেতে হয়। ফলে অনেকেই আর্থিক সংকটের জন্য ফাজিল পর্যন্তই শিক্ষা জীবনের সমাপ্তি রেখা টানে। কাজেই গফরগাঁও উপজেলায় একটি কামিল মাদ্রাসা স্থাপন করা খুবই প্রয়োজন। গরফগাঁও উপজেলায় মোট চারটি মাদ্রাসা আলিম পর্যন্ত (বিজ্ঞান উন্নয়ন) করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত এই মাদ্রাসার বিজ্ঞানাগারে কিছু যন্ত্রপাতির অভাব রয়েছে। কাজেই উপজেলার কয়েকটি মাদ্রাসাতে ফাজিল পর্যন্ত বিজ্ঞান ক্লাস চালু করা দরকার। গফরগাঁও উপজেলার এসএসসি ও এইচএসসি ক্লাসের বোর্ড পরীক্ষার কেন্দ্র আছে। ৩টি কলেজ থাকলেও গফরগাঁও-এ ডিগ্রী কেন্দ্র নেই। মাদ্রাসার দাখিল, আলিম, ফাজিল পরীক্ষার কেন্দ্র আছে। প্রাইমারী ৫ম শ্রেণীর বৃত্তি পরীক্ষার কেন্দ্র আছে। কিন্তু স্কুলের ৮ম শ্রেণীর বৃত্তি পরীক্ষার কেন্দ্র নেই। ডিগ্রী পরীক্ষারও কেন্দ্র গফরগাঁও-এ নেই। ফলে ছাত্র-ছাত্রীদের অসুবিধা হয়। কাজেই উক্ত কেন্দ্রগুলো গফরগাঁও-এ দেয়া খুবই প্রয়োজন।

—মোঃ আতিকুল্লাহ
গফরগাঁও ময়মনসিংহ